

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mohfw.gov.bd


স্মারক নং-৪৫.১৩৯.০২০.০০.০০.০৪১.২০১৫/ ২০৬৬

তারিখঃ ২৮-০৩-২০১৭খ্রিঃ

বিষয়ঃ মেডিকেল যন্ত্রপাতি, ঔষধপত্র এবং অন্যান্য দ্রব্যাদির ক্রয় সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে লক্ষ্য করা যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন কোন কোন প্রতিষ্ঠান তাদের বাজেট বরাদ্দের অতিরিক্ত মেডিকেল যন্ত্রপাতি, ঔষধপত্র এবং অন্যান্য দ্রব্যাদির তালিকা সম্বলিত দরপত্র আহবান করেছেন। বাৎসরিক বরাদ্দের চেয়ে অধিক অর্থের মালামাল ক্রয়ের জন্য দরপত্র আহবান করা আর্থিক শৃংখলার পরিপন্থী। পিপিআর-২০০৬ অনুযায়ী প্রত্যেক প্রতিষ্ঠানের অর্থ বছরের শুরুতেই ক্রয় পরিকল্পনা প্রস্তুত করতে হবে। বাজেট বরাদ্দ সাপেক্ষে সেই ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয়ের ব্যবস্থা নিতে হবে। অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হলে প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠানের প্রয়োজনীয়তা ব্যাখ্যাপূর্বক অতিরিক্ত অর্থ বরাদ্দের জন্য চাহিদাপত্র প্রেরণ করে বরাদ্দ প্রাপ্তির পর বিধি মোতাবেক তা সংগ্রহের ব্যবস্থা নিতে পারেন। তবে কোন অবস্থায়ই বরাদ্দ প্রাপ্তি ব্যতিরেকে কোনরূপ ক্রয় কার্যক্রম গ্রহণ করা যাবে না।

০২। উল্লেখ্য, ইতোমধ্যে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ ব্যতিরেকে যে সকল প্রতিষ্ঠান প্রধান কর্তৃক দরপত্র আহবান করা হয়েছে তা সংশোধনপূর্বক প্রাপ্ত বরাদ্দের মধ্যে সীমাবদ্ধ থেকে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালনপূর্বক সংশোধিত দরপত্র আহবানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(ডাঃ মোঃ সারোয়ার বারী)
উপসচিব
ফোন-৯৫১২২১২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ


- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। মহাপরিচালক, সেবা অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৫। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৬। যুগ্মপ্রধান, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল/ বিশেষায়িত হাসপাতাল,-----
- ৮। অধ্যক্ষ, মেডিকেল কলেজ-----
- ৯। পরিচালক, সিএমএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
- ১০। তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন, জেলা/জেনারেল হাসপাতাল (সকল);-----
- ১১। চীফ টেকনিক্যাল ম্যানেজার (উপসচিব), নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ১২। ওয়ার্কসপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ১৩। -----

স্মারক নং-৪৫.১৩৯.০২০.০০.০০.০৪১.২০১৫/ ২০৬৬/ ১(৬)

তারিখঃ ২৮-০৩-২০১৭খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। অতিরিক্ত সচিব (হাসপাতাল/উন্নয়ন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(ডাঃ মোঃ সারোয়ার বারী)
উপসচিব